

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
প্রশাসন বিভাগ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd

নথি নং- ৩০.৩১.০০০০.২২১.৮০.০০২.১৯ / ৬১৬৬

তারিখ: ০৭ অক্টোবর ২০২১

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত
১ম ত্রৈমাসিক প্রতিবেদন

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ০৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে পরিচালক (প্রশাসন)-কে সভাপতি করে মোট ০৯ সদস্যের একটি “সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি” গঠন করেছে। গত ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখে কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ এবং সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি নিচে বর্ণনা করা হলো।

ছক-ক

পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন

সংস্থার নাম : বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
মন্ত্রণালয়ের নাম : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

ক্রমিক নং	পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) বাস্তবায়ন অগ্রগতি	এ সংক্রান্ত সেবার সংখ্যা	সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানের নির্ধারিত সময়সীমা এবং প্রদত্ত সেবা প্রদানের সময়	সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হয়েছে কি?
১	সভায় উপস্থাপিত হালনাগাদকৃত সিটিজেন চার্টার সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং আগামী ২৮-০৯-২০২১ তারিখের মধ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তা সিএএবি-এর ওয়েবসাইটে আপলোড করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	হালনাগাদকৃত সিটিজেন চার্টার কর্তৃপক্ষ কর্তৃক ২৬-০৯-২০২১ তারিখে অনুমোদিত এবং সিএএবি-এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। বাস্তবায়িত	-	-	-
২	সিটিজেন চার্টারে উল্লেখিত কিন্তু বর্তমান পরিবীক্ষণ কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়নি এমন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অন্তর্ভুক্ত করে “সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি” ০৭-১০-২০২১ তারিখের মধ্যে পুনর্গঠন করা হবে।	পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে। বাস্তবায়িত	-	-	-
৩	সিএএবি-এর সকল মাঠ পর্যায়ের দপ্তরকে স্ব স্ব দপ্তরের সিটিজেন চার্টার প্রস্তুতের অনুরোধ করে পত্র প্রদান করা হবে।	সেমসু, সিএ একাডেমি এবং সকল বিমানবন্দরকে এ বিষয়ে পত্র দেয়া হয়েছে। বাস্তবায়িত	-	-	-


ক্রমিক নং	পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) বাস্তবায়ন অগ্রগতি	এ সংক্রান্ত সেবার সংখ্যা	সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানের নির্ধারিত সময়সীমা এবং প্রদত্ত সেবা প্রদানের সময়	সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হয়েছে কি?
৪	সভায় সেবা প্রদান সংক্রান্ত ফিডব্যাক ফরম চূড়ান্ত করা হয়। চূড়ান্তকৃত ফিডব্যাক ফরমের অনুকূলে আগামী ২৮-০৯-২০২১ তারিখের মধ্যে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	চূড়ান্তকৃত ফিডব্যাক ফরম কর্তৃপক্ষ কর্তৃক ২৬-০৯-২০২১ তারিখে অনুমোদিত হয়েছে। বাস্তবায়িত	-	-	-

ছক-খ
সিটিজেন চার্টার বিষয়ে প্রশিক্ষণ

সংস্থার নাম : বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

মন্ত্রণালয়ের নাম : বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

প্রশিক্ষণের নাম	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) প্রশিক্ষণ আয়োজনের সংখ্যা ও তারিখ	মন্তব্য
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ	সংখ্যা: ১টি তারিখ: ২৯-১০-২০২১ বাস্তবায়িত	দিনব্যাপী প্রশিক্ষণের প্রশিক্ষক ও বিষয়বস্তু: (ক) জনাব মোঃ সফিউল আলম, উপসচিব (বাজেট-১), বিপম ১. সিটিজেন চার্টারের গুরুত্ব ও আনুষঙ্গিক বিধিবিধান ২. সিটিজেন চার্টার প্রণয়ন ও হালনাগাদকরণ ৩. সিটিজেন চার্টার সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা ও এপিএ-এর সাথে সম্পর্ক (খ) জনাব মুহাম্মদ আব্দুল মোনেম, উপ-পরিচালক (পরিকল্পনা), সিএএবি ১. বেবিচক-এর সিটিজেন চার্টার পরিচিতি ২. সিটিজেন চার্টার বিষয়ে পরিবীক্ষণ


মোঃ জাহিরুল ইসলাম

পরিচালক (প্রশাসন), (উপসচিব)
সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯

অনুলিপি:

১. সদস্য (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২. চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।